



## নির্বাচনের নিরাপত্তা নিয়ে সিইসির সঙ্গে তিন বাহিনী প্রধানের বৈঠক সম্পন্ন



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রধানদের বৈঠক সম্পন্ন হয়েছে। রোববার (২১ ডিসেম্বর) দুপুর ১টার দিকে আগারগাঁওয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে এই বৈঠক শেষ হয়।

এর আগে বেলা ১২টার কিছু আগে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান নির্বাচন কমিশন সচিবালয়ে পৌঁছান। সেখানে নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ তাদের স্বাগত জানান।

সংশ্লিষ্ট সূত্র জানায়, শুরুতে নির্বাচন কমিশনের সঙ্গে তিন বাহিনী প্রধানদের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। পরে সিইসি নাসির উদ্দিনের সভাপতিত্বে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে একটি আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়, যেখানে চার নির্বাচন কমিশনার ও ইসি সচিব উপস্থিত ছিলেন।

বৈঠকে আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে সার্বিক নিরাপত্তা প্রস্তুতি, দেশব্যাপী আইনশৃঙ্খলা পরিস্থিতির বর্তমান অবস্থা, অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান জোরদার এবং সন্ত্রাসী কার্যক্রম দমনে যৌথ বাহিনীর সমন্বিত ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। একই সঙ্গে ভোটকেন্দ্রের নিরাপত্তা, ভোটারদের নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ এবং শান্তিপূর্ণ নির্বাচনি পরিবেশ বজায় রাখার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়।

এ ছাড়া নির্বাচনকালীন সময়ে প্রয়োজন অনুযায়ী সেনাবাহিনীসহ অন্যান্য বাহিনীর দায়িত্ব ও সমন্বয় পদ্ধতি নিয়েও দিকনির্দেশনা দেওয়া হয় বলে জানা গেছে।